# মার্চ ২০২২ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ৩১.০৩.২০২২ খ্রি.

সময় ঃ বেলাঃ ১১.০০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে ফেব্রুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উগজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, চলতি বোরো মৌসুমে ১৫২০০ হে. জমিতে ধানের চাষাবাদ হয়েছে এবং ৩৮,০০০ মেঃটন উদ্বৃত্ত রয়েছে। আউশ ধানেরও কাজ চলছে। এবার ২৫০ হেক্টর জমিতে আউশ ধান লাগানো হবে। কৃষি উপকরণ- বীজ, সার সরবরাহ ও বাজার দর স্বাভাবিক রয়েছে এবং তদারকি মনিটরিং জোরদার করা হয়েছে। কৃষি উৎপাদন বৃদ্ধিতে এবং কাঙ্খিত ফলন পেতে জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রদর্শনী প্লট সচরাচর চোখে পড়ে না। তিনি প্রণোদনা দৃশ্যমান করার অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নে কৃষি দপ্তরের সাথে এখনও যোগাযোগ হয়নি। প্রণোদনার তথ্য সঠিকভাবে করা হয়নি। উপজেলা নির্বাহী অফিসার উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রণোদনা দৃশ্যমান করাসহ আউশ ধানে প্রণোদনা প্রদানে কার্যক্রম গ্রহণে অনুরোধ জানানো হয়।<br>৩. ১ মাসের মধ্যে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সকল চেয়ারম্যানগণের সাথে যোগাযোগ করে ইউনিয়ন পরিষদে কৃষি দপ্তরের জন্য বরাদ্দকৃত কক্ষে বসে কাজ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>১. চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। ৬২% ২য় ডোজ টিকা দেয়া হয়েছে। রোজা অবস্থায় টিকা দেয়া যাবে মর্মে তিনি সভায় অবহিত করেন। লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক গুরুত্ব দিয়ে ৩ এপ্রিল ২০২২ শনিবার আরও ১৩% টিকা কার্যক্রম সফল করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরে ১টি গ্যারেজ ও টিনসেড টিকাদান কেন্দ্র স্থাপনের প্রস্তাব করেন। কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রায় ৬০০০ জনের সেবা প্রদান করা হয়। সপ্তাহে ৬ দিন সকাল ৯.০০ টা হতে বেলা ৩.০০ টা পর্যন্ত কর্তব্যরত CHCP-কে থাকতে হবে। কিন্তু অপ্রতুলতার কারণে সপ্তাহে ৩ দিন স্বাস্থ্য সহকারীগণ সহযোগিতা করেন।<br>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ কমিউনিটি ক্লিনিকগুলোর সাথে রাস্তার সংযোগ প্রদানের জন্য অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি সিদ্ধান্ত বাস্তায়নে এবং টিকা কার্যক্রম সফল করতে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ২,১৫১টি গবাদি পশুর, ৫০৬৪টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪২০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬০টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ১৫০০০ মাত্রা। ৭৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। ভুল চিকিৎসায় একজন মহিলার গরু মারা গেছে। এতে তার প্রায় ২,০০,০০০/-(দুইলক্ষ) টাকা ক্ষতি হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বকেয়া ঋণ আদায় কার্যক্রম চলমান। বকেয়া ঋণের পরিমান ৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা এবং আদায় হয়েছে ১৯,০০০/-(উনিশহাজার) মাত্র। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বকেয়া ঋণ আদায়ে আরও দায়িত্বশীল হওয়ার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। লোডশেডিং নেই তবে ঝুঁকিপূর্ণ গাছগুলো কাটার কাজ চলছে। রমজান মাস শুরুর আগেই কাজ শেষ হবে মর্মে সভায় অবহিত করেন। এ পর্যায়ে কুর্শাখালি, ভাঙ্গাসহ অন্যান্য একক গৃহে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়নি মর্মে উপজেলা নির্বাহী অফিসার তার দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই কাজ শুরু হবে।<br>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ জানান যে, বেইলী ব্রীজের কাজ ধীর গতিতে চলছে ফলে পানি নিষ্কাশনও ধীরে হচ্ছে। এর ফলে যে কোন মুহূর্তে রাস্তায় পানি উঠতে পারে এবং ভেঙ্গেও যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী জানান যে, বলি ড্রাইভ চলছে। ০৭.০৪.২৯২২ তারিখের মধ্যে কাজ শেষ হবে। লোড গাড়ি যাওযার কারণে পাইপ দেবে যাওয়ায় পানি নিষ্কাশনে সমস্যা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, ১০০% আন্তরিকতার সাথে সহযোগিতা করে থাকেন। জেলা শহরের মত বিরামপুর থানায় ব্যস্ততা থাকে। ১-৩১ মার্চ ২০২২ পর্যন্ত বিভিন্ন দিবস পালিত হয়েছে কোথাও কোন সমস্যা হয়নি। বিরামপুরে সড়ক দুর্ঘটনা বেড়ে গেছে। সড়ক দুর্ঘটনা প্রতিরোধে প্রতি রবিবার অভিযান পরিচালনা করে ১০০% হেলমেট পড়া নিশ্চিত করছেন। এ বিষয়ে সড়ক ও জনপথের সাথে কথা বলেও কোন কাজ হচ্ছে না। বিরামপুর উপজেলায় জুয়া খেলা বেশী হয়। দ্রুত খবর পেলে জুয়া খেলা বন্ধ করা সম্ভব হয়। ১৮৬৭ সালের আইনে মাত্র ১০০/- টাকা জরিমানা এবং সর্বোচ্চ ১ মাসের কারাদন্ড। সন্দলপুর জঙ্গলে জুয়া খেলা হয়। এ বিষয়ে খানপুর ইউনিয়নের চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করে সকলের সহযোগিতায় এই জুয়া খেলা বন্ধ করা সম্ভব বলে তিনি প্রত্যাশা করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। ০২.০৩.২০২২ খ্রি. তারিখ সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর থেকে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। পাঠ পরিকল্পনা মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। উপবৃত্তির কাজ চলমান রযেছে। বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়গুলোর উন্নয়নমূলক কাজও নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তিনি আরও জানান যে, G2P এর মাধ্যমে উপবৃত্তি প্রদানের জন্য জন্মনিবন্ধন সনদ প্রয়োজন। সেকারণে তিনি শিক্ষার্থীদের দ্রুত জন্মনিবন্ধন সনদ প্রদানের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. শিক্ষার্থীদের দ্রুত জন্মনিবন্ধন সনদ প্রদানের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা ও চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ্যাসাইনমেন্ট কার্যক্রম, শিক্ষা প্রতিষ্ঠানে সরাসরি শ্রেণিকক্ষে পাঠদানসহ অনলাইনে পাঠদান, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। পরিদর্শনের পর বিদ্যালয়ে কেউ থাকে না। বার বার বলা সত্ত্বেও শিক্ষকগণ নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকছেন এবং নিজেদের মত করে চলছেন। পরিষ্কার পরিছন্ন একদম নেই। ৬ দিনের প্রশিক্ষণ প্রদান করা হলেও শিক্ষকগণের কোন পরিবর্তন আসেনি। চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ এ পর্যায়ে বলেন যে, শিক্ষক হাজিরা নিশ্চত করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভাপতি, প্রধান শিক্ষক, শিক্ষক প্রতিনিধিদের নিয়ে মিটিং এর আয়োজন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১০% বেশী শিক্ষার্থী কৃতকার্য হতে পারবে না সেসকল শিক্ষা প্রতিষ্ঠানে নজরদারী বাড়ানোর এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রধান শিক্ষককে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, G2P এর মাধ্যমে ভাতা বিতরণ করা হয়। অনেক ভাতাভোগী মারা গেছেন তাদের তথ্য ইউনিয়ন পরিষদ থেকে সঠিকভাবে আসছে না ফলে জটিলতার সৃষ্টি হচ্ছে। তিনি প্রতিমাসে মৃত্যুবরণকারী ভাতাভোগীর তথ্য প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ঈদের আগে ভাতা প্রদানের পরিকল্পনা রয়েছে। আগামী ৩ এপ্রিল ২০২২ শনিবার সকাল ১০.০০ টায় উপজেলা পরিষদ অডিটরিয়ামে ১৫তম বিশ্ব অটিজম দিবস পালিত হবে। তিনি উক্ত দিবসে সবাইকে আমন্ত্রণ জানান। উক্ত দিবসে অফিস আলোকসজ্জা করার নির্দেশনা রয়েছে। রোগী কল্যাণ সমিতির কার্যক্রমও চলছে। তিনি আরও জানান যে, দিনাজপুর-৬ আসনের ৪টি উপজেলায় বিভিন্ন ভাতা প্রাপ্তির জন্য নতুন করে Online এ আবেদন করার সময় ২২.০৩.২০২২ খ্রি. তারিখে শেষ হয়েছে। এবারে ১,১৫৫টি আবেদনের বিপরীতে ২৫০ জনের বরাদ্দ পাওয়া গেছে। তিনি আরও উল্লেখ করেন যে, ২০১৩ সাল থেকে পিতামাতার ভরণপোষণ আইন চালু আছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রতিমাসে মৃত ভাতাভোগীর তালিকা ইউনিয়ন সমাজকর্মীগণ সংগ্রহ করে সমাজসেবা দপ্তরে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান ( সকল ) ইউনিয়ন পরিষদ ও<br>৩. ইউনিয়ন সমাজকর্মীগণ। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পর্যায়ের জন্য মাতৃত্বকালীন ভাতার বরাদ্দ পাওয়া যায়নি। বিভিন্ন ট্রেডের আবেদন যাচাই-বাছাই এর কাজ চলছে। আগামী ৩ এপ্রিল ২০২২ খ্রি. তারিখ থেকে ক্লাশ শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উল্লেখ করেন যে, বিরামপুর উপজেলার জাতীয় তথ্য বাতায়নের সামষ্টিক রিপোর্ট ৯৬.১২%। মোট ১৪টি দপ্তরের তথ্য বাতায়ন ১০০% হাল নাগাদ করা নেই। সংশ্লিষ্ট দপ্তরসমূকে দ্রুত তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য তিনি অনুরোধ জানান।<br>জন্মনিবন্ধন সফটওয়্যার bdris এ নবনির্বাচিত চেয়ারম্যানগণের | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জরুরীভিত্তিতে ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. নবনির্বাচিত চেয়ারম্যানগণ এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিনামা স্বাক্ষর করে অবহিত করার | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান।<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | নামে নিবন্ধক আইডি দ্রুত খোলার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়াও নবনির্বাচিত চেয়ারম্যানগণের স্থানীয় সরকার প্রশাসন ও a2i এর নির্দেশনা মোতাবেক দ্রুত সময়ের মধ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিনামা স্বাক্ষর করে অবহিত করার জন্যও তিনি অনুরোধ জানান। | গৃহীত হয়। | |
| আলোচনাঃ ২০ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসসহ এ পর্যন্ত ১২টি ব্যাচে মোট ৩৬০ (তিনশত ষাট) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, চলতি মাসে যুব ঋণ কার্যক্রমে আত্মকর্মসংস্থান কর্মসূচির আওতায় ০২ জন বেকার যুবকে ১,২০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে এবং পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় ৪০ জন পুরুষ ও মহিলা প্রত্যেককে ১২০০০/-টাকা করে সর্বমোট ৪,৮০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =২,৫৭,৭৬,০০০/- (দুই কোটি সাতান্ন লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,২০,৮৭,৯২৫/-(দুই কোটি বিশ লক্ষ সাতাশি হাজার নয়শত পঁচিশ) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=১,৯৮,১২,৬৮৭/-(এক কোটি আটানব্বই লক্ষ আটান্ন হাজার ছয়শত সাতাশি) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরকে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২১ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, CAR অর্জন ৮২% । দিওড় ইউনিয়নে FWC নিয়ে মামলা হয়েছে। পুরো ৪৫ শতক জমি দখল হয়ে গেছে। সীমানা প্রাচীর দেয়া হলে সমস্যা কমে যাবে। মুকুন্দপুর ইউনিয়নে FWC নেই। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উদ্যোগে FWC স্থাপন করা হলে উক্ত ইউনিয়নের লোকজন উপকৃত হবে। সিজারিয়ান সেকশন যখন ছিল তখন রংপুর বিভাগের মধ্যে প্রথম বিরামপুর ছিল। বিরামপুরের কৃতি সন্তান জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব এঁর উদ্যোগে বিরামপুরে এটি হয়েছিল। এটি পুনরায় চালু করা প্রয়োজন মর্মে তিনি জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মুকুন্দপুর ইউনিয়নে FWC স্থাপন করার উদ্যোগ গ্রহণের জন্য চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর।<br>২. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১ম পর্যায়ে গৃহহীন ও ভূমিহীনদের এককগৃহে টিউবওয়েল স্থাপনের কাজ শেষ হয়েছে। ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে। ঠিকাদার কাজ করছে না। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীকে অবহিত করা হয়েছে। গৃহহীন ও ভূমিহীনদের এককগৃহের জন্য টিউবওয়েল স্থাপনে বিদ্যুতের প্রয়োজন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. গৃহহীন ও ভূমিহীনদের এককগৃহে টিউবওয়েল স্থাপনে বিদ্যুত সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অনুরোধ করা হলো। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর।<br>২. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৬<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ২২ মে ২০২২ থেকে ভোটার তালিকা হালনাগাদ করা যাবে। এখনও ভোটার হওয়া যাবে। কোন সমস্যা থাকলে তাকে জানানোর অনুরোধ করেন এবং তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। এখনও শিক্ষার্থীদের আড্ডা হয় তবে অনেক কমে গেছে। স্টাফ নিয়ে আপাতত: কোন সমস্যা নেই। ১২০ জন শিক্ষককে গণিত অলিম্পিয়ার্ড প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রয়োগও শুরু হয়েছে। ৫টি শিক্ষা প্রতিষ্ঠানে চালু করা হয়েছে। শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের মারপিট করা যাবে না মর্মে তিনি সভা অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ভিক্ষুকদের ঋণ কার্যক্রমের আওতায় আনা হয়েছে। কিন্তু তারা ঋণ পরিশোধ করতে পারছে না। মারা গেলে তাদের ঋণ মওকুফ করা হয়। তবে কিছু কিছু আদায় হচ্ছে। বিতরণ ১০০% করতে হবে এবং নতুন কোন সমস্যা সৃষ্টি করা যাবে না মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর পরামর্শ প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করাসহ **ছক আকারে ঋণের বিস্তারিত তথ্য প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হয়।** | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা |
| আলোচনাঃ ৩০<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায় নিম্নরূপভাবে বক্তব্য উপস্থাপন করেন।<br>১. উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির মেয়াদ শেষ হয়েছে। তাই কমিটিগুলো পুণর্গঠন করার প্রস্তাব করেন।<br>২. INF-2019-20-552710-01 প্রকল্পটির কাজ সমাপ্ত শেষে বিল প্রদান করা হয়েছে। INF-2019-20-552710-02 প্রকল্পের কাজ এখনও চলমান, INF-2019-20-552710-03 প্রকল্পের আওতায় মালামাল সরবরাহ করে নাই । ৩ নং প্রকল্পের জন্য তাই ঠিকাদারকে তাগিদ দেয়া প্রয়োজন। INF-2019-20-552710-04 নং প্রকল্প (মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ)। এই অনুমোদিত প্রকল্পটির প্রাক্কলন অনুযায়ী বর্তমানে বাজারে না পাওয়ার কারণে ঠিকাদার সরবরাহ করতে পারছে না। তাই এই বিষয়ে উপজেলা প্রকৌশলী ইউজিডিপি প্রকল্পের DTL এর সাথে আলোচনা করেন এবং একই প্রকল্পের উক্ত অনুমোদিত পরিমান টাকার মধ্যে নতুন করে প্রাক্কলন তৈরী করে প্রস্তাবনা অনুমোদনের জন্য পাঠাতে বলেন। উল্লেখ্য যে, বর্তমানে প্রকল্পের নাম হবে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও মাল্টিমিডিয়া বিতরণ। আগামী সপ্তাহে প্রকল্পটি অনুমোদনের জন্য প্রকল্প অফিসে পাঠানো হবে। উল্লেখ্য যে, গত ০৬.০৩.২০২২ খ্রি. ইউজিডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) স্বাক্ষরিত পত্রে আগামী ৩০.০৪.২০২২ খ্রি. তারিখের মধ্যে বিল দাখিলের চুড়ান্ত সময়সীমা উল্লেখ করে | ১. কমিটিগুলো পুণর্গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>২. একই প্রকল্পের অনুমোদিত পরিমান টাকার মধ্যে নতুন করে প্রাক্কলন তৈরী করে প্রস্তাবনা অনুমোদনের জন্য পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। চুড়ান্ত সময়সীমার মধ্যে বিল পাঠানোরও সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্রটি প্রেরণ করা হয়েছে।<br>৩. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নিম্নোক্ত ৬(ছয়) টি প্রকল্প প্রস্তাবনা অনুমোদিত হয়েছে। যাহা নিম্নরূপঃ<br>১। নবনির্বাচিত জনপ্রতিনিধি ও সুশীল সমাজের প্রতিনিধিদের ইভ-টিজিং, বাল্যবিবাহ ও নারী নির্যাতন বিরোধী অবহিতকরণ কর্মশালা।<br>২। বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে করোনা বিস্তাররোধে শিক্ষকদের সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।<br>৩। হোটেল রেস্টুরেন্ট ও দোকান শ্রমিকদের স্বাস্থ্য ও বাণিজ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।<br>৪। নির্মাণ শ্রমিক (রাজ মিস্ত্রী, রড মিস্ত্রী, রং মিস্ত্রী ও ইলেক্ট্রিক মিস্ত্রী)-দের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ।<br>৫। বিরামপুর উপজেলার আওতাধীন শিক্ষক, জনপ্রতিনিধি, ইউনিয়ন সচিব, ইউনিয়ন উদ্যোক্তা ও শিক্ষার্থীদের ই-মিউটেশন ও নামজারী বিষয়ক প্রশিক্ষণ ।<br>৬। নিরাপদ সড়কের লক্ষ্যে অটো ও সিএনজি চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ ।<br>আগামী মাস থেকে সংশ্লিষ্ট কোর্স-সমন্বয়কারীগণ প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।<br>৪. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব আগামী মাসের ১ম সপ্তাহে অনুমোদনের জন্য প্রকল্প অফিসে পাঠাতে হবে।<br>৫. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বিরামপুর উপজেলার জন্য ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য প্রস্তাব করেন। | ৩. সংশ্লিষ্ট কোর্স-সমন্বয়কারীগণকে প্রশিক্ষণ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৪. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৫. ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য | ৩. উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর ও উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর বিরামপুর।<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৫. সংশ্লিষ্ট ১৭টি দপ্তর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নিয়মিত উঠান বৈঠক হচ্ছে। মহিলাদের সচেতন করার জন্য চেষ্টা করা হচ্ছে কিন্তু তারা সচেতন হচ্ছে না। বাল্য বিবাহ বিষয়ে বেশী সচেতন করতে হবে। কারণ বাল্য বিবাহ প্রতিরোধ করা যাচ্ছে না। প্রায় ৪০% বাল্য বিবাহ হচ্ছে। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা উঠান বৈঠকে তাদের প্রতিনিধি রাখার অনুরোধ জানান। | ১. নিয়মিত উঠান বৈঠক করাসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উঠান বৈঠকে বিরামপুর থানার প্রতিনিধি রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |
| আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিসিবি'র পণ্য বিতরণে ৩টি পয়েন্ট হলে নির্বিঘ্নে বিতরণ করা যেত।<br>এ পর্যায়ে উপজেরা নির্বাহী অফিসার বলেন যে, কাটলা ও জোতবানী ইউনিয়নে সুন্দভাবে টিসিবি' পণ্য বিতরণ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি দু'জন ডিলারকে টিসিবি'র পণ্য একই দিনে একই স্থানে দেয়ার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যে অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, তথ্য আপার উঠান বৈঠকে তিনি উপস্থিত থেকে বৈঠন পর্যবেক্ষণ করেছেন। ২০০ জন মহিলা উক্ত উঠোন বৈঠকে উপস্থিত ছিলেন এবং প্রত্যেকে মাস্ক পরিহিত ছিলেন। শুধু নারী সচেতন হলে হবে না পাশাপাশি পুরুষদেরও সচেতন হতে হবে। ৩ সন্তানের জননীকে স্বামী নিতে চান না। এ অবস্থায় সে নারী বা মা কার কাছে কোথায় যাবে। তিনি এ পরিস্থিতি উত্তরণে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ১. নারী নির্যাতন ও বাল্যবিবাহ বন্ধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর<br>২. অফিসার ইনচার্জ, বিরামপুর থানা।<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন বক্তব্য বা তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর |
| আলোচনাঃ ৪৪<br>বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুরের স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৫.২৫.০০১.১৭.৮৫ তারিখঃ ১৭.০২.২০২২ খ্রি. পত্রে কিশোরী প্রজনন স্বাস্থ্যের উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে বিনামূল্যে স্যানিটারী ন্যাপকিন সরবরাহের লক্ষ্যে ডিসেম্বর/২০২১ মাসের জেলা প্রশাসক সমন্বয় সভার কার্যবিবরণীর ০৫(গ) এর ৬ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত মোতাবেক **"উপজেলা পর্যায়ে এডিপি বাজেট (স্বাস্থ্য ও শিক্ষা ) হতে উপজেলা নির্বাহী অফিসার , পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সমন্বয়ে স্যানিটেরী প্যাডসহ স্বাস্থ্য সামগ্রী ক্রয় করে সরবরাহ নিশ্চিত করবেন"** মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১. নির্দেশনা মোতাবেক এডিপি'র পরবর্তী বরাদ্দ থেকে স্বাস্থ্য ও শিক্ষা খাতে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় কাটলা ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে ঢেউটিন সরবরাহ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন। তদপ্রেক্ষিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ঢেউটিন ক্রয়ের জন্য ১,০০,০০০/-(একলক্ষ) টাকা উত্তোলনপূর্বক ঢেউটিন সরবরাহ করার প্রস্তাব করেন। প্রকল্পের নামঃ কাটলা ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারসহ দুঃস্থ পরিবারের মাঝে ঢেউটিন ক্রয় ও সরবরাহকরণ প্রকল্প।<br>**বরাদ্দের পরিমান=১,০০,০০০/-** টাকা মাত্র।<br>**প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**<br>১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ-প্রকল্প সভাপতি<br>২. মোছাঃ পারুল বেগম, সদস্যা, কাটলা ইউপি-প্রকল্প সেক্রেটারী<br>৩. জনাব মোঃ দেলোয়ার হোসেন, সদস্য, কাটলা ইউপি-সদস্য<br>৪. মোঃ মইনুল ইসলাম, সদস্য, কাটলা ইউপি-সদস্য<br>৫. মোঃ আব্দুল মান্না, সদস্য আনসার ভিডিপি-সদস্য | ১. বর্ণিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদন করা হলো এবং PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**ফেব্রুয়ারি/২০২২ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া এবং ভ্রমণভাতা প্রদান | =৫১,২৫০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের সম্মানীভাতা এবং ভ্রমণভাতা প্রদান | =৬৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের ফেব্রুয়ারি/২০২২ মাসের ৩০ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। ( ১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০/-) | =২৯,৭০০/- |
| ০৪ | ফেব্রুয়ারি/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | ফেব্রুয়ারি/২০২২আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | ফেব্রুয়ারি/২০২২মাসের বিদ্যুৎ বিল প্রদান | =১৪,৪৯৮/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/৩/22

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.৪৭৭/১(৫০) তারিখঃ ১৭.০৪.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ...........................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৭.৪.২২


পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd